মুক্ত বাক স্বাধীনতা- অবরুদ্ধ: ৫ আগস্ট ২৪ পরবর্তী মফস্বল সাংবাদিকতা ক্ষতবিক্ষত

(নাম প্রকাশে অনিচ্ছুক)

আজকের এই দিনটিতে দেশের সকল মফস্বল সাংবাদিকরা কেমন আছেন? স্থানীয় সংবাদপত্র কেমন স্বাধীনতা ভোগ করছেন! হস্তক্ষেপের কারণে কতটি সংবাদ পত্রের অনিয়মিত প্রকাশনা বা বন্ধ হয়ে গেছে। দেশের রাষ্ট্রের সরকারের অসংগতির দিকে না হয় প্রশ্ন তোলা গেল না- নাইবা তুললাম প্রশ্ন?। কিন্তু বিগত ৯ মাস যাবত জেলা উপজেলা পর্যায়ে সংবাদপত্র, সাংবাদিক, সাংবাদিকদের সংগঠনগুলো (প্রেস ক্লাব) কেমন আছে কি তার অবস্থা বিশ্ব গণমাধ্যম দিবসের(৩ মে) এই দিনটিতে এসব বিষয়ে জানতে ইচ্ছে করে।

মফস্বল সাংবাদিকতার হাতে খড়ি সেই ১৯৮৩ সাল থেকে। তারপর থেকেই সাংবাদিকদের অধিকার আদায়ের পেশাগত উৎকর্ষতা বৃদ্ধি হামলা মামলায় জড়ানো মফস্বলের সাংবাদিকদের পাশে থাকার চেষ্টা করেছে। মফস্বল এলাকা থেকে সাংবাদিকতা সংবাদপত্র পরিচালনা করতে গিয়ে যেসব বাস্তবতার মুখোমুখি হয়েছি সে সব করুন ভয়াবহ অভিজ্ঞতা আর ২০২৪ এর জুলাইয়ের পরের অভিজ্ঞতা দেখা একেবারেই ভিন্ন। যুদ্ধকালীন কোন দেশে বা ফ্যাসিবাদের চূড়ান্ত পর্যায়ে বা একনায়কতন্ত্রের শেষ ধাপের অবস্থায় বিরাজ করছে আমাদের দেশের মফস্বল সাংবাদিকদের বাস্তবতা। নিজে সংবাদ কর্মী-নিজের সম্পাদিত পত্রিকা ছেড়ে হাত গুটিয়ে বসে থাকতে হচ্ছে। মফস্বলের অধিকাংশ পত্রিকা গত নয় মাসে যার সম্পাদনা করার কথা তিনি করছেন না সম্পাদনা করছেন পরোক্ষভাবে অন্য কেউ। সংবাদপত্রের সাথে যুক্তদের হত্যা মামলা হাজতবাস কর্মক্ষেত্র থেকে বিতাড়িত চাকরীচ্যুত আগে কখনো এসব ঘটতো রাজধানী ঢাকায়। এখন হচ্ছে জেলা উপজেলায়। ৪ আগস্ট ২০২৪ সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার সাংবাদিক প্রদীপকে নৃশংসভাবে হত্যা করা হয় রায়গঞ্জ প্রেসক্লাবে ঢুকে। পাঁচ ও ছয় আগস্ট ২০২৪ সিরাজগঞ্জের একটি বহুল প্রচারিত পত্রিকা দৈনিক যুগের কথায় হামলা করা হয়, ভাঙচুর করা হয় নিজস্ব প্রেস সানভীম অফসেট প্রেস এ্যান্ড পাবলিকেশন্স। প্রকাশনা বন্ধ থাকে প্রায় ১০ দিন। এরপর থেকে প্রকাশনা অব্যাহত রাখতে চেষ্টা করা হচ্ছে কিন্তু পত্রিকার নিজস্বতা, লেখা, সম্পাদকীয় কিছু

Continued on Page 7

OPINION

মুক্ত বাক স্বাধীনতা- অবরুদ্ধ: ৫ আগস্ট ২৪ পরবর্তী মফস্বল সাংবাদিকতা

[Continued from Page 7]

নীতিমালার উপরই হুমকি দেওয়া হচ্ছে। এ লেখার এক সপ্তাহ আগে পত্রিকাটির বিতরণ ব্যবস্থা কে বাধাগ্রস্ত করা হয় এজেন্ট হকারের নিকট থেকে সকল পত্রিকা ছিনতাই করে নিয়ে যায়। প্রকাশনা বন্ধ করার জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম গুলো থেকে এমন কি জেলা ম্যাজিস্ট্রেটকে প্রভাবিত করার ঘোষণা দেওয়া হয় একটি চিহ্নিত মহল থেকে যা সংবাদপত্র স্বাধীনতার হুমকি। এই চিত্র কি একটি জেলায়? উত্তর হচ্ছে না, প্রতিটি বিভাগীয় এবং জেলা শহর গুলোর সংবাদপত্র সাংবাদিকরা স্বাধীনতা পরবর্তী বর্তমানে সবচেয়ে ভয়াবহ আতঙ্কে দিন যাপন করছে।

খাগড়াছড়ি জেলার এটিএন বাংলা এটিএন নিউজ কালের কণ্ঠের জেলা প্রতিনিধি প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আবু দাউদকে একটি মামলার ৭৮ নং আসামি করা হয়েছে। ৯২ নং আসামি করা হয়েছে ভোরের কাগজের প্রতিনিধি সংকর চৌধুরীকে। পানছড়ি উপজেলার এক সাংবাদিক মিঠুন সাহা কে অপর একটি সাজানো মামলায় আসামি করা হয়। যমুনা টিভি ও সাংবাদিক ইউনিয়নের সভাপতি শাহরিয়ার ইউনুস প্রেসক্লাব সভাপতি সময় টিভি ও বাসসের প্রতিনিধি জিতেন্দ্রকে আসামি করে মামলা দেওয়া হয়। আজিমুল হক কিংবা দেশ টিভির অনুপ দত্তকে আসামি শ্রেণীভুক্ত করা হয়। একই মামলায় ১১৭ নং আসামি হিসেবে আইন শৃঙ্খলা বাহিনী আটক করেন সমকাল, দীপ্ত টিভি, সুপ্রভাত বাংলাদেশ প্রতিনিধি ও সাংবাদিক ইউনিয়নের সভাপতি প্রদীপ চৌধুরীকে। সাত মাস যাবত তিনি জেলে কারারুদ্ধ রয়েছেন। উচ্চ আদালত থেকে জামিন নিয়েও তিনি কারামুক্ত হতে পারছেন না বিশেষ বেষ্ট জামিন স্থগিত করেছে এমন অভিযোগ করেছেন কারারুদ্ধ সাংবাদিক প্রদীপ চৌধুরীর আইনজীবী এবং তার শিক্ষিকা স্ত্রী।

মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলার সাংবাদিক আরটিভি'র জেলা প্রতিনিধি ও আমাদের সময় পত্রিকার প্রতিনিধি ভাস্কর হোম ৫ আগস্ট ২৪ তারিখের পরে ৩ মাস হাজতাবদ্ধ ছিলেন।

১ মে ২০২৫ ফেনী সদরের দেশের পত্রের সাংবাদিক গভীর রাতে নিজ বাড়িতে হামলার শিকার হয়েছেন। বাংলাদেশ সংবাদ সংস্থা বাসস এর সিরাজগঞ্জ প্রতিনিধি চাকরিচ্যুত করতে না পেরে আইন-শৃঙ্খলা বাহিনী দিয়ে তাকে আটক করিয়ে হত্যা মামলায় হাজতাবদ্ধ রাখা হয় প্রায় চার মাস। জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক হারুন অর রশিদ খান হাসান পরবর্তীতে বাসস জেলা প্রতিনিধি নিয়োগ নিয়ে

আসেন। শহিদুল ইসলাম ফিলিপস নামক এই সংবাদকর্মী জামিনে মুক্তি হয়ে এখনো আতঙ্ক- ভয়ে আত্মগোপনে রয়েছেন।

একই জেলার দেশ টেলিভিশনে জেলা প্রতিনিধি হিসেবে কর্মরত সায়েম উদ্দিন কে সরিয়ে দেওয়া হয়েছে ভয়ে আতঙ্কে তিনি জেলায় অবস্থান করতে পারছেন না। দেশের বিভিন্ন জেলা ও উপজেলার সংবাদ কর্মীদের সংবাদপত্রের প্রায় একই চিত্র। পাঁচ আগস্টের পর উপজেলা জেলার অধিকাংশ প্রেসক্লাব হামলা করে জামাত-বিএনপিপন্থী হিসেবে পরিচিত অখ্যাতরা দখল করে নিয়েছে ওই প্রতিষ্ঠানের গঠনতন্ত্র এবং দেশের প্রচলিত আইন অমান্য করে।

সারা বছর ধরে সাংবাদিকরা যেভাবে নিজেদের প্রাণ ঝুঁকি নিয়ে সংবাদ পরিবেশন করেন সেই কাজকে বছর শেষে আন্তর্জাতিক গণমাধ্যম দিবসে সম্মানিত করা হবে, ভালো কাজের স্বীকৃতি হিসেবে রাষ্ট্র সরকার এই দিনটিকে উদযাপন করবে এমনটি আশা করেন দেশের প্রত্যন্ত জেলা অঞ্চলের মফস্বল সংবাদপত্রের সাংবাদিকরা। এর ব্যতিক্রম হচ্ছে, সংবাদপত্র সাংবাদিক কর্মীরা আজ ভয় আতঙ্কিত জীবন যাপন করছে। মত প্রকাশের স্বাধীনতা স্বীকৃতি পাওয়ার আশা নিয়ে বিগত বছরগুলো যে মুক্ত সাংবাদিকতা করেছে রাষ্ট্র সরকারকে যৌক্তিক প্রশ্ন স্থাপন করে সঠিকভাবে সরকার পরিচালনায় সহযোগিতা করেছেন সেই সংবাদপত্র সাংবাদিকতা বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত দমন, পীড়ন আর হামলার শিকারে ক্ষতবিক্ষত মুক্ত বাক স্বাধীনতা মফস্বলের সংবাদপত্র আজ- অবরুদ্ধ।

লেখক: বাংলাদেশের মফস্বলের একটি দৈনিক পত্রিকার

সম্পাদক

০২/০৫/২০২৫



Lead Story

Human Rights Violations and Abuses in Bangladesh Under the Rule of the Interim Government

(Part 3)

A Report of the GCDG Research Wing

Continued from Part 2 (Volume 1 Issue2)

Yunus regime issued an order on 14 October 2024, indemnifying from prosecution, harassment and arrest of students and citizens for their crimes and actions from July 15 to August 8, 2024 (51). This order not only appears illegal or contrary to common sense, but it also acts as providing an incentive and a free license to the perpetrator to engage in crimes. Another disturbing trend is that even until now, when the age of the interim Govt. is more than 8 months, Dr Yunus himself and some of his advisers, which are mostly his henchmen, repeatedly uttering impunity to the perpetrators of unabated mob killing, destruction, atrocities, extorsions, citing these as the result of anger and frustration on the ousted Government. They are constantly doing this in their statements and interviews with media outlets.

The extent of violation of receiving justice and the mockery of justice would be evident by one of thousands of examples in which 15 on-duty police officers were killed on 4th August 2024 by the mob (52). The responsibility of this killing was publicly confessed by a member of the Central Executive Committee of the Bangladesh Nationalist Party (BNP), Mr. Saidur Rahman Bachchu. However, the Yunus Government filed a murder case on this incident against 4 BAL leaders and 6000 unknown individuals, and the former Minister of Fisheries and Livestock Abdul Latif Bishwas has been arrested (53, 54)

“The Voice” reported 700 prisoners, including 70 convicted criminals and extremists, remaining at large, according to Brigadier General Syed Mohammad Motaher Hossain, the Director General of the Prison Department (25).

On 5th November 2024, the NHRC of Bangladesh released its monthly report for October 2024 and the report based on the facts high-

lighted a rise in crimes such as mob beatings, rapes, and other offences as well as political harassment, assaults on political leaders, and other violent acts. On 7 November 2024, the Yunus Government of Bangladesh forced all members of Bangladesh’s NHRC, including Chairman Kamal Uddin Ahmed and five other members. The reason is clear: to allow mobocracy by the collaborators and supporters of Yunus, most prominently by his loyal anti-discrimination Student Movement. NHRC members cited that reporting facts has become an offence for the members of the NHRC of Bangladesh, and the Interim Government of Bangladesh created an untenable situation wherein all members of the NHRC were forced to resign (27).

The Interim government is using and weaponizing the Anti-discrimination Students Movement to carry out illegal tasks. For example, Govt. used them to secure the forceful resignation of 21 Supreme Court and High Court judges, burning down of the headquarters of the Jatiya Party in the heart of the capital, Dhaka. Interim Govt. also uses the students to intimidate and terrorize political opponents, journalists, and media houses with impunity; and they have been emboldened with impunity given to them. The most prominent example of impunity to mobocracy by the Interim government is barring the law enforcement personnel from arresting or filing cases against anyone involved in the July-August uprising (28) in which at least 44 policemen were killed! (29).

The daily newspaper Prothom Alo reported on 8 April 2025 that even after granting bail by the court, former member of parliament from constituency 3 of

Sirajganj, Dr. Abdul Aziz was attacked at the Jail gate by a group of mobs belonging to the so-called Anti-Discrimination Movement. The attack was organized and carried out under the direction and leadership of Mr. Muntasir Mehedi, the joint coordinator of the Sirajganj unit of the Anti-Discrimination Movement (23). The most disturbing element of this episode is that the Army arrived on the spot and again took the parliament member to police custody without arresting or filing a case against the perpetrators, including Muntasir Mehedi. Like most other incidents, this is another proof that the attacks are organized and systematic pattern supported by the Interim Government. The objectives are clear: to terrorize the opposition political forces to consolidate power. Another disturbing aspect of this and thousands of incidents like this, had never been criticized by any of the political parties, clearly indicating that they formed an unholy and unwritten alliance with the Yunus Government to fulfil their own objectives.

Transparency International Bangladesh (TIB) observation reported 100 Days of Unprecedented Misrule Under the Yunus Government, with over 80 individuals, including ministers, journalists, and members of parliament, having been arrested. Meanwhile, over 1,695 cases were filed against opposition activists, leading to the detention of

Continued on Page 11

Human Rights Violations and Abuses in Bangladesh Under the Rule of the Interim Government

Continued from Page 10

over 3,195 individuals, including 74 senior Awami League leaders (50).

Illegal arrests are very common under the interim government. On numerous occasions, the Government is forcing the police and other law-enforcing agencies to arrest relatives of the accused, which is an intentional and serious violation of human rights. "Kalbela," a daily newspaper, reported that the younger brother of a Chhatra League leader, was arrested on 16 April 2025, in Rupganj, Narayanganj. Shakib, the younger brother of Rayhan, is a candidate for the ongoing SSC examination, and this arrest will deprive him of his right to education and destroy his life (64).

There were confirmed 471 deaths among the thousands of killings and atrocities committed targeting Awami League leaders and activists from 6 July 2024 to 10 April 2025 (72). However, the families were unable to take any legal action against the criminals and perpetrators, nor have they been able to file a case in the police station or court. In particular, the current interim government has been granting immunity to those who committed murder, arson, looting and encroachment from 8 July 2024 to 15 August 2024.

There is an unprecedented, systematic and concerted effort by Yunus and his accomplices to violate the rights to receive fair justice. There are thousands of cases in which Yunus's accomplices attacked the accused prisoners when brought to the court premises for a hearing under police presence. This is happening even after 8 months of the Interim Government. For example, on 28 April 2025, a group of people attacked the former Law Minister, Mr. Anisul Huse, at the court premises in Narayanganj (84). The mobs repeatedly punched

him in the presence of police. It is of particular concern that not even a single case was filed against the perpetrators. The fact that the Government never brought to justice to this mob violence perpetrators even those that occurred at court premises, squarely proves that these crimes are happening at the approval of the Yunus government.

Rights to Gender Equality (Article 7 of UDHR)

Gender equality or sexual equality or equality of the sexes, is the state of equal ease of access to resources and opportunities, including education, employment, participating in cultural functions, expressive, etc. regardless of gender, including economic participation and decision-making, and the state of valuing different behaviors, aspirations (87). The Yunus government has failed tremendously to protect this right, as shown in the following examples:

A Prothom Alo investigation has revealed that from August 1 last year to March 15 this year, 17 cases were filed in Dhaka city on charges of gang rape. 216 cases were filed on charges of rape. And 27 cases were filed on charges of attempted rape. Most of the women who were gang raped are young women and housewives (20).

Ain O Salish Kendra (ASK) documented 85 rape cases, 34 of which gang rape, 18 children and 4 victims were killed after rape in just two months January-February 2025 of interim Govt (21).

The daily newspaper, Jugantor, reported on 7 April that in March alone, a total of 442 people, including 248 girls and 194 women, were subjected to torture across the country. Of these, 163, including 125 girls, were raped (22).

Right to Own Property (Article 17 of UDHR)

A fundamental human right is to own, protect and enjoy private property by all individuals. The government must protect the rights of its citizens. Private property is defined by real or transient

assets owned by non-governmental [legal entities](#) (88). Public property, on the other hand, is owned by a state entity and is distinguishable from [collective](#) or [cooperative](#) property, which is owned by one or more [non-governmental entities](#) (89). As a legal concept, private property is defined and enforced by a country's [political system](#) (90). The Interim Government has violated this right as evidenced by the following examples:

On 5 February, ahead of a planned speech of Sheikh Hasina, a mob led by the Antidiscrimination Student Movement and Islamic fundamentalists destroyed the historic family home of Sheikh Hasina at Dhanmondi 32 that came to symbolize the country's independence. Hasnat Abdullah, a student leader, had warned media outlets against Hasina's speech and announced on Facebook that "tonight Bangladesh will be freed from the pilgrimage site of fascism" (49). Bangabandhu Sheikh Mujibur Rahman's house at Dhanmondi 32 was demolished with excavators and cranes. The supply of excavators and cranes was reportedly facilitated by the interim Government. The residence of Hasina's late husband Wajed Mian, known as 'Sudha Sadan,' on Road 5 in Dhanmondi, was set on fire on Wednesday (57).

Homes of most of the Awami League leaders were burned, demolished, set on fire or vandalized. Some examples are, the homes of Awami League Joint General Secretary and former lawmaker of Kushtia-3, Mahbubul Alam Hanif, former mayor of the Barisal city corporation, Serniabat Sadiq Abdullah, in the city's Kalibari Road area, former MP of Bagherhat-1, Sheikh Helal Uddin and former MP of Khulna-2, Sheikh Salauddin (58).

A daily newspaper, Jana Kantha, reported that 10-15 BNP activists led by Mohiuddin Gazi, Rakibul Islam and Shamim Mridha, carrying Ramda and country-made weapons, have occupied a business establishment next to a government primary school (60)

Last part in next issue

WORLD MEDIA WATCH

Statement by the “Global Centre for Democratic Governance” against the conspiracy to endanger the existence of Bangladesh by providing a corridor

07 May 2025

২৪ বৈশাখ ১৪৩২

Dear countrymen,

We are an organization comprised of university teachers, researchers, engineers, doctors, agriculturists, lawyers, economists, journalists, and social workers from about 40 countries within Bangladesh and abroad. Recently, we have been observing with deep concern that the chief advisor to the unconstitutional interim government of Bangladesh has called for war preparations. The Foreign Affairs Advisor has announced that Bangladesh has decided in principle to provide a corridor to the Myanmar Rakhine border. The government's security advisor and press secretary denied the foreign advisor's announced decision, but expressed their support for and rationale for providing the corridor. The power to make decisions on granting such corridors and preparing for war is legally outside the jurisdiction of the unelected temporary interim government. The decision to provide corridors and prepare for war can only be taken by their elected representatives in parliament on behalf of the people of Bangladesh after detailed discussions, debates, and careful analysis.

An interim government's decision without a people's mandate could harm the country. The legitimate government of Myanmar has already expressed strong objections to such a corridor system. A corridor agreement with the Rakhine rebel group, bypassing the Myanmar government, is illegal, which would create the possibility of Bangladesh being drawn into a war with the Myanmar government. Moreover, India, China and Russia have important business and strategic relations with Myanmar and the Rakhine region of Myanmar. Political, military and strategic analysts around the world have already pointed out the possibility of the US entering the region through the corridor agreement, involving a major superpower in that region and the possibility of war spreading. As a result, war shootings, bombings, fights, and skirmishes will spread in this region of Bangladesh and Myanmar, which will create devastation like Gaza.

"Friendship with all, hostility with none" has been the motto of Bangladesh's foreign policy for 54 years, with neighbouring countries and all countries worldwide. Suppose Bangladesh's land is allowed to be used beyond this policy to implement a conspiracy to prolong illegal power. In that case, Bangladesh will lose its heritage and become a playground for great powers to fight for indefinitely. As a result, the already severely damaged economy, industrial structure, agricultural and industrial production, unbearable price increases of daily necessities, fragile law and order situation, and public safety and peace will be under extreme threat.

Incidentally, we can recall the dangerous positions of Bangladesh, Mizoram in India, Myanmar, the warring Rakhine State, the Kuki-Chin-inhabited Chin State, Saint Martin, and the Chittagong Hill Tracts. If this corridor agreement is signed, due to various interests, hostility, violence, militant activity, drug trafficking, arms smuggling, and competition for land grabs will begin among the people of these regions. Taking advantage of this extreme chaos, the possibility of a new state being created on the territory of India, Myanmar, and Bangladesh to protect the interests of an already embattled great power cannot be ruled out. It goes without saying that if such a situation arises, the sovereignty and independence of Bangladesh will be endangered. We shudder to imagine how serious the risk of Bangladesh getting involved in a war with India and Myanmar, including major superpowers in this region, could be for us.

If the unconstitutional interim government provides corridors in exchange for their interests, ways to earn money, and prolonging illegal state power, the above-mentioned events will quickly weaken Bangladesh, it will lose its land, conflicts between various groups will create extreme instability within the country, the economy will be destroyed, agricultural production will be endangered, people will suffer from famine, and even the country's independence, sovereignty, and the existence of the nation will be endangered. As a result, Bangladesh will be forced to borrow billions of dollars from superpower arms manufacturers and traders to buy weapons in the name of aid, in exchange for which all the country's mineral resources, including oil and gas, will be given to those militarily powerful countries through agreements. Just think about what terrible consequences this corridor agreement will lead to for Bangladesh. We have already heard the government's advisors declare that the country's borders are not under its control, that the country's map is going to be changed, and so on.

Dear countrymen, before this terrible time arrives, we call on you, including the patriotic army, to think deeply, understand all the dangers, and quickly raise your voice with millions of voices. Before we are destroyed, before it is too late, be aware. Stand up against this immoral decision. Once power is lost to you, these illegal, country-destroying decisions will bring untold suffering, famine, and endanger the independence and sovereignty of the country, which was achieved with the sacrifice of millions of martyrs. Surely, none of us desires such darkness.

Sincerely,

Members of the Global Centre for Democratic Governance.

Email: contact@globalcdg.org

Website: www.globalcdg.org

WORLD MEDIA WATCH

করিডোর প্রদানের মাধ্যমে বাংলাদেশের অস্তিত্ব বিপন্নের ষড়যন্ত্রের বিরুদ্ধে “গ্লোবাল সেন্টার ফর ডেমোক্রেটিক

২৪ বৈশাখ ১৪৩২

০৭ মে ২০২৫

প্রিয় দেশবাসী, বাংলাদেশের ভিতরে এবং প্রবাসে প্রায় ৪০টি দেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক, প্রকৌশলী, ডাক্তার, কৃষিবিদ, আইনবিদ, অর্থনীতিবিদ, সাংবাদিক এবং সমাজকর্মীদের নিয়ে গঠিত আমরা একটি থিঙ্ক ট্যাঙ্ক প্রতিষ্ঠান। সাম্প্রতিক সময়ে আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে বাংলাদেশের অসাংবিধানিক অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা যুদ্ধ প্রস্তুতির আহবান জানিয়েছেন। পররাষ্ট্র উপদেষ্টা ঘোষণা করেছেন যে বাংলাদেশ নীতিগতভাবে মায়ানমার রাখাইন সীমান্তে করিডোর প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। সরকারের নিরাপত্তা উপদেষ্টা এবং প্রেস সচিব পররাষ্ট্র উপদেষ্টার ঘোষিত সিদ্ধান্ত অস্বীকার করলেও করিডোর প্রদানের যৌক্তিকতা ও সমর্থনের কথা জানিয়েছেন। এই ধরনের করিডোর প্রদান ও যুদ্ধ প্রস্তুতির সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা আইনত অনিবার্চিত এবং ক্ষণস্থায়ী অন্তর্বর্তী সরকারের এখতিয়ার বহির্ভূত। করিডোর প্রদান এবং যুদ্ধ প্রস্তুতির সিদ্ধান্ত একমাত্র বাংলাদেশের জনগণের পক্ষে তাঁদের নির্বাচিত প্রতিনিধিগণ সংসদে বিস্তারিত আলোচনা, তর্ক বিতর্ক এবং চুলচেরা বিশ্লেষণের পর গ্রহণ করতে পারেন।

জনগণের মেন্ডেড বিধীন অন্তর্বর্তীকালীন সরকারের এই ধরনের সিদ্ধান্ত দেশের সমূহ ক্ষতি ডেকে আনতে পারে। মিয়ানমারের বৈধ সরকার ইতিমধ্যেই এই ধরনের করিডোর ব্যবস্থার ঘোর আপত্তি জানিয়েছেন। মিয়ানমার সরকারকে বাইপাস করে রাখাইনের বিদ্রোহী গ্রুপের সাথে এই ধরনের করিডোর প্রদানের চুক্তি অবৈধ, যা মিয়ানমার সরকারের সাথে বাংলাদেশের যুদ্ধে জড়িয়ে পড়ার সম্ভাবনা তৈরি করবে। তাছাড়া মিয়ানমার ও মিয়ানমারের রাখাইন অঞ্চলে ভারত, চীন ও রাশিয়ার গুরুত্বপূর্ণ ব্যবসায়িক ও স্ট্র্যাটেজিক সম্পর্ক রয়েছে। করিডোর চুক্তির মাধ্যমে যুক্তরাষ্ট্রের ঢুকে পড়ার সম্ভাবনা ওই অঞ্চলে বৃহৎ পরাশক্তির জড়িয়ে পড়া এবং যুদ্ধ ছড়িয়ে পড়ার সম্ভাবনার কথা বিশ্বজুড়ে রাজনৈতিক, সামরিক ও স্ট্র্যাটেজিক বিশ্লেষকগণ ইতিমধ্যেই তুলে ধরেছেন। ফলে বাংলাদেশ ও মিয়ানমারের এই অঞ্চলে যুদ্ধের গোলাগুলি, বোমা বর্ষণ, মারামারি, কাটাকাটি ছড়িয়ে পড়বে, যা গাজার মত ধ্বংসলীলার সৃষ্টি করবে।

প্রতিবেশী রাষ্ট্র ও বিশ্বের সকল রাষ্ট্রের সাথে "সবার সাথে বন্ধুত্ব কারো সাথে বৈরিতা নয়" হচ্ছে ৫৪ বছর যাবত বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূলমন্ত্র। প্রলোভনে পড়ে, অবৈধ ক্ষমতা দীর্ঘায়িত করার চক্রান্ত বাস্তবায়নের লক্ষ্যে এই নীতির বাইরে গিয়ে বাংলাদেশের ভূমি ব্যবহৃত হতে দিলে বাংলাদেশ তার ঐতিহ্য হারাতে, হয়ে পড়বে অনির্দিষ্টকালের জন্য বৃহৎ শক্তির যুদ্ধের খেলার মাঠ। ফলে ইতিমধ্যে চরমভাবে ক্ষতিগ্রস্ত অর্থনীতি, শিল্প কাঠামো, কৃষি ও শিল্প উৎপাদন, নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের অসহনীয় মূল্য বৃদ্ধি, ভঙ্গুর আইন-শৃঙ্খলা ব্যবস্থা, জন জীবনের নিরাপত্তা এবং শান্তি চরম হুমকির মুখে পড়বে।

প্রসঙ্গত আমরা স্মরণ করতে পারি বাংলাদেশ, ভারতের মিজোরাম, মিয়ানমার, যুদ্ধরত রাখাইন রাজ্য, কুকিচিন অধ্যুষিত চিন রাজ্য, সেন্ট মার্টিন ও পার্বত্য চট্টগ্রামের বিপজ্জনক অবস্থানের কথা। এই করিডোর চুক্তি হলে নানামুখী স্বার্থের কারণে এই অঞ্চলগুলোর জনগোষ্ঠীর মধ্যে শুরু হবে বৈরিতা, হানাহানি, জঙ্গি তৎপরতা, মাদকের ব্যবসা, অস্ত্র চোরা চালান ও ভূমি দখলের প্রতিযোগিতা। এই চরম বিশৃঙ্খলতার সুযোগ নিয়ে ইতিমধ্যেই চাউর হওয়া একটি বৃহৎ শক্তির স্বার্থ রক্ষার জন্য ভারত মিয়ানমার ও বাংলাদেশের ভূখণ্ড নিয়ে নতুন কোন রাষ্ট্রের জন্ম হওয়ার সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না। এমন অবস্থার সৃষ্টি হলে বাংলাদেশের সার্বভৌমত্ব ও স্বাধীনতা বিপন্ন হবে, একথা বলাই বাহুল্য। এই অঞ্চলে ভারত ও মিয়ানমারের সাথে বৃহৎ পরাশক্তিসহ যুদ্ধে জড়িয়ে পড়ার রিস্ক বাংলাদেশের জন্য কত মারাত্মক হতে পারে তা কল্পনা করলেও আমরা শিউরে উঠি।

মোহাম্মাদ ইউনুসের অসাংবিধানিক অন্তর্বর্তীকালীন সরকার নিজেদের ব্যক্তি স্বার্থে, অর্থ উপার্জনের পথ ও অবৈধ রাষ্ট্র ক্ষমতা দীর্ঘায়িত করার বিনিময়ে করিডোর প্রদান করলে উপরে উল্লেখিত ঘটনাবলীর ফলে দ্রুত বাংলাদেশ দুর্বল হবে, তার ভূমি হারাতে, নানা গোষ্ঠীর মধ্যে সংঘর্ষ দেশের ভিতরে চরম অস্থিরতা তৈরি করবে, অর্থনীতি ধ্বংস হয়ে যাবে, কৃষি উৎপাদন বিপন্ন হবে, মানুষ দুর্ভিক্ষের কবলে পড়বে, এমনকি দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জাতির অস্তিত্ব বিপন্ন হওয়ার সমূহ সম্ভাবনা দেখা দিবে। ফলে বাংলাদেশকে পরাশক্তির অস্ত্র প্রস্তুতকারক ও ব্যবসায়ীদের অস্ত্র কেনার জন্য বিলিয়ন বিলিয়ন ডলার খণ্ড নিতে বাধ্য করা হবে সাহায্যের নামে, বিনিময়ে দেশের তেল গ্যাস সহ যাবতীয় খনিজ সম্পদ চুক্তি করে সেইসব সামরিক শক্তির দেশকে দিয়ে দিতে হবে। একবার ভেবে দেখুন, এই করিডোর চুক্তি বাংলাদেশকে কি ভয়ংকর পরিণতির দিকে নিয়ে যাবে। ইতিমধ্যেই আমরা শুনেছি সরকারের উপদেষ্টাগণ ঘোষণা করেছেন, দেশের সীমান্ত দেশের নিয়ন্ত্রণে নেই, দেশের মানচিত্রে পরিবর্তন আসছে ইত্যাদি ভয়ংকর সব কথাবার্তা।

প্রিয় দেশবাসী, এই ভয়ংকর সময় উপস্থিত হবার পূর্বেই দেশপ্রেমিক সেনাবাহিনী সহ আপনাদের প্রতি আমাদের আহ্বান, আপনারা গভীরভাবে চিন্তা করুন, সমূহ বিপদকে অনুধাবন করুন এবং দ্রুত কোটি কণ্ঠে সোচ্চার হোন। আমাদের সর্বনাশ হওয়ার আগে, অনেক বেশি দেরি হওয়ার আগেই আপনারা সচেতন হোন। দেশবিরোধী সিদ্ধান্তের বিরুদ্ধে রুখে দাঁড়ান। ক্ষমতা একবার আপনারদের হাতছাড়া হয়ে গেলে, এইসব অবৈধ দেশ ধংসকারী সিদ্ধান্ত আমাদের সবার জন্য ডেকে আনবে অবর্ণনীয় দুঃখ কষ্ট, দুর্ভিক্ষ এবং বিপন্ন হবে লাখো শহীদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব। নিশ্চয়ই আমরা কেউই এই ধরনের অমানিশা কামনা করিনা।

বিনীত,

গ্লোবাল সেন্টার ফর ডেমোক্রেটিক গভারন্যান্স এর সদস্যবৃন্দ।

Email: contact@globalcdg.org

Website: www.globalcdg.org

THE BACK PAGE শেষের পাতা

রোহিঙ্গা সংকট: সংকট থেকে নিরাপত্তা হুমকি

লতিফুল কবির

২০১৭ সালে মিয়ানমারের রাখাইন রাজ্যে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় পরিচালিত বর্বর দমন-পীড়নের ফলে প্রায় ১১ লাখ রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নেয়। শুরুতে এটি মানবিক সহানুভূতির এক বিরল দৃষ্টান্ত হয়ে উঠলেও, সময়ের পরিক্রমায় এই সংকট এক গভীর নিরাপত্তা হুমকিতে রূপ নিচ্ছে। এটি এখন শুধু বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয় নয়, বরং আঞ্চলিক ভূরাজনীতির এক জটিল সমীকরণে পরিণত হয়েছে।

কক্সবাজার ও ভাসানচরে আশ্রয় নেওয়া রোহিঙ্গা জনগোষ্ঠী প্রায় সাত বছর ধরে অনিশ্চিত ভবিষ্যতের মুখোমুখি অবস্থান করছে। এই দীর্ঘস্থায়ী অনিশ্চয়তা রোহিঙ্গা জনগোষ্ঠীর ভেতরে হতাশা, চরমপন্থা এবং অপরাধে যুক্ত হওয়ার ঝুঁকি বাড়িয়ে তুলছে। ক্যাম্পগুলোতে ইতোমধ্যে অস্ত্র, ইয়াবা ও মানবপাচার চক্র সক্রিয় হয়ে উঠেছে। আরও উদ্বেগজনক হলো, রোহিঙ্গাদের একটি অংশ চরমপন্থী গোষ্ঠী যেমন আরসা, এর প্রভাবাধীন হয়ে পড়ছে। একাধিক খুন, অপহরণ ও গোলাগুলির ঘটনার মাধ্যমে প্রমাণ মিলছে যে, ক্যাম্প এখন আর নিছক মানবিক আশ্রয়কেন্দ্র নয় বরং একটি সংগঠিত অপরাধ-প্রবণ এলাকা, যা স্থানীয় সমাজ ও আইনশৃঙ্খলা পরিস্থিতির জন্য গভীর উদ্বেগের কারণ।

এই সংকটকে আরও জটিল করে তুলছে রাখাইন রাজ্যকে ঘিরে দক্ষিণ ও পূর্ব এশিয়ার প্রভাবশালী রাষ্ট্রগুলোর ভূরাজনৈতিক আগ্রহ। চীন ইতোমধ্যে রাখাইন উপকূলে বাণিজ্য ও জ্বালানিভিত্তিক করিডোর স্থাপন করেছে। মিয়ানমারে জাভা সরকারের ওপর চীনের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব রয়েছে। যদিও তারা রোহিঙ্গা সংকটে মধ্যস্থতাকারীর ভূমিকা রাখার চেষ্টা করেছে, বাস্তবে তাদের উদ্দেশ্য মূলত বাণিজ্যিক ও কৌশলগত—রোহিঙ্গা প্রত্যাবাসনে তাদের পক্ষ থেকে কার্যকর কোনো চাপ নেই।

অন্যদিকে ভারতও রাখাইনকে ঘিরে তাদের নিজস্ব স্বার্থ সংরক্ষণে ব্যস্ত। ক্যালাদান মাল্টিমোডাল প্রকল্পের মাধ্যমে ভারত উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোর সঙ্গে রাখাইন উপকূলীয় অঞ্চলের সংযোগ তৈরি করেছে। যদিও ভারত বাংলাদেশকে সহযোগিতার কথা বলেছে, রোহিঙ্গা ইস্যুতে তাদের অবস্থান এখনো কৌশলগত নিরপেক্ষতায় আবদ্ধ। একই সময়ে, যুক্তরাষ্ট্র ও ইউরোপ মানবাধিকারের প্রশ্নে রোহিঙ্গাদের পক্ষে অবস্থান নিলেও, প্রত্যাবাসন ও সংকট সমাধানে তাদের বাস্তব ভূমিকায় কার্যকরত্বের অভাব রয়েছে।

বাংলাদেশ সরকার প্রথম থেকেই একটি মানবিক, কূটনৈতিক এবং ন্যায়সঙ্গত সমাধানের পথ খুঁজে এসেছে। তবে বাস্তবতা হলো—মিয়ানমারের ভেতরে জাভা সরকারের অনমনীয়তা, রাখাইনে আরাকান আর্মির উত্থান, এবং আন্তর্জাতিক মহলের দ্বৈত নীতি রোহিঙ্গা সংকটকে দীর্ঘস্থায়ী করে তুলেছে।

এই প্রেক্ষাপটে, বাংলাদেশ এক বহুমুখি চ্যালেঞ্জের সম্মুখীন হয়ে পড়েছে। প্রথমত, ক্যাম্পভিত্তিক অপরাধ ও চরমপন্থা নিয়ন্ত্রণে কঠোর নিরাপত্তা ব্যবস্থা দরকার। দ্বিতীয়ত, স্থানীয় জনগণের সঙ্গে রোহিঙ্গাদের বিরোধ যাতে সংঘাতে রূপ না নেয়, সে বিষয়ে সোশ্যাল কোহেশনের কার্যকর উদ্যোগ নিতে হবে। তৃতীয়ত, আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশকে রোহিঙ্গা ইস্যুকে কেবল মানবিক সংকট নয়, নিরাপত্তা ও আঞ্চলিক স্থিতিশীলতার অংশ হিসেবে তুলে ধরতে হবে।

রোহিঙ্গা সংকট এখন আর শুধুই একটি মানবিক সমস্যা নয়—এটি একটি আঞ্চলিক নিরাপত্তা ও কূটনৈতিক বাস্তবতা। এর সমাধান কেবল আন্তর্জাতিক সদিচ্ছার ওপর নির্ভর করলে চলবে না; বাংলাদেশকে নিজস্ব কৌশলগত প্রস্তুতি, আঞ্চলিক ভারসাম্য এবং অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থাকে শক্তিশালী করেই ভবিষ্যতের পথ নির্ধারণ করতে হবে।

এ সংকট যত দীর্ঘায়িত হচ্ছে, ততই তা আমাদের জাতীয় নিরাপত্তা, অর্থনীতি এবং সামাজিক স্থিতিশীলতার জন্য এক নিরব বিস্ফোরক হয়ে উঠছে।

Rohingya Crisis: From Humanitarian Disaster to Security Threat

Latiful Kabir

The 2017 mass exodus of the Rohingya population from Myanmar's Rakhine State to Bangladesh, following brutal state-sponsored persecution, initially evoked global sympathy as one of the worst humanitarian crises in recent history. Nearly 1.1 million people crossed into Bangladesh seeking refuge. However, over time, the crisis has transformed from a humanitarian issue into a complex and multi-dimensional security threat for Bangladesh and the broader South and Southeast Asian region.

Rohingya refugees, currently residing in overcrowded camps in Cox's Bazar and Bhasan Char, have spent over seven years in a state of uncertainty. This prolonged stagnation has bred frustration and despair, pushing some segments of the population towards criminal networks and radical ideologies. The emergence of armed groups like the Arakan Rohingya Salvation Army (ARSA), incidents of extortion, abductions, arms and drug trafficking within the camps, and repeated clashes have underscored the growing volatility. These camps are no longer mere humanitarian shelters—they are evolving into organized criminal zones with serious implications for national security and law and order in adjacent localities.

The situation has grown even more complicated with the geopolitical interest of several major powers in the Rakhine region. China has strategic investments in the area, particularly through its China-Myanmar Economic Corridor (CMEC), including energy and infrastructure projects passing through Rakhine to the Bay of Bengal. While Beijing has occasionally offered to mediate the crisis, its primary motivation remains securing its economic interests and ensuring stability for its projects, not ensuring Rohingya repatriation or justice.

India, too, has a stake in the region through its Kaladan Multimodal Transport Project that aims to link India's Northeast to the Rakhine coast. While India has expressed support for Bangladesh in principle, its policy on the Rohingya remains cautiously neutral, balancing regional relations and internal security concerns. Meanwhile, the West—particularly the United States and European Union—has been vocal about the human rights abuses against the Rohingya, even labelling it genocide. However, their engagement has largely remained policy-oriented and symbolic, with minimal impact on actual repatriation efforts.

For Bangladesh, the challenge is now multifaceted. From maintaining security within the camps to preventing social conflict with host communities, and from navigating delicate diplomatic terrain to preserving domestic stability, the stakes are higher than ever. Dhaka has persistently advocated for a safe and dignified repatriation of the Rohingya to their homeland. But with the Myanmar military junta unwilling to engage in meaningful dialogue, the rise of armed ethnic groups like the Arakan Army in Rakhine, and the evident inertia in global diplomatic efforts, the solution seems increasingly distant.

At this point, Bangladesh must prepare for the long haul. Security measures must be reinforced within and around refugee settlements. A more cohesive and inclusive social strategy is needed to prevent communal resentment. Internationally, Bangladesh must present the crisis not merely as a humanitarian issue but as a looming regional security concern that demands collective action and political will.

In conclusion, the Rohingya crisis has moved far beyond its origins as a humanitarian tragedy. It now represents a real and evolving threat to regional security and socio-political stability. While the global community deliberates, Bangladesh must act decisively—with a mix of strategic diplomacy, robust internal policy, and regional cooperation—to mitigate the long-term consequences of one of the most intractable refugee crises of our time.

